

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
বেসরকারি মাধ্যমিক-৩ শাখা  
বাংলাদেশ সচিবালয়, ঢাকা  
www.shed.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৪.৩৪.০০১.১৮.২৬

তারিখ: ২১ চৈত্র ১৪২৪

০৪ এপ্রিল ২০১৮

বিষয়: ২৮.০৩.২০১৮ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী।

উপর্যুক্ত বিষয়ে বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (স্কুল, কলেজ) এর শিক্ষক-কর্মচারীর বেতন ভাতার সরকারি অংশ স্থগিত, কর্তন, বাতিল ও ছাড়করণের নিমিত্ত ২৮.০৩.২০১৮ তারিখে অনুষ্ঠিত পুনর্বিবেচনা কমিটির সভার কার্যবিবরণী মাননীয় মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়েছে।

০২. এমতাবস্থায়, কমিটির নিম্নবর্ণিত সুপারিশসমূহ বাস্তবায়নের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

ক্র.নং	বিষয়	কমিটির সুপারিশ
১.	মানিকগঞ্জ জেলার ঘিওর উপজেলাধীন আঞ্চলিক উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক, সহকারি প্রধান শিক্ষক ও আয়া (এম.এল.এস.এস) এর স্থগিতকৃত বেতন-ভাতা ছাড়করণ।	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর মূল রিট মামলায় পিটিশনারদের বেতন বন্ধ করার কারণ বিস্তারিত উল্লেখপূর্বক এবং প্রয়োজনীয় কাগজপত্রসহ আদালতে দাখিল করে মূল রিট মামলা শুনানীর প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবে মর্মে কমিটি সুপারিশ করে।
২.	পঞ্চগড় জেলার আটোয়ারী উপজেলাধীন আটোয়ারী পাইলট বালিকা উচ্চ বিদ্যালয়ের অনিয়মতান্ত্রিকভাবে নিয়োগপ্রাপ্ত এবং সে সংক্রান্ত মামলা থাকার পরও এম.পি.ও ভুক্ত প্রধান শিক্ষকের এম.পি.ও বাতিলের জন্য আবেদন।	বিষয়টি বিজ্ঞ আদালতের বিচারাধীন রয়েছে তাই আদালতের রায় না হওয়া পর্যন্ত অপেক্ষা করে রায় এর নির্দেশনা অনুযায়ী পদক্ষেপ গ্রহণের জন্য কমিটি সুপারিশ করে।
৩.	মহামান্য হাইকোর্টের আদেশক্রমে জনাব জসিম উদ্দিন, সহকারি শিক্ষক, ত্রিমোহনী আদর্শ উচ্চ বিদ্যালয়, খিলগাঁও, ঢাকা এর সমস্ত বকেয়াসহ এম.পি.ও পুন: বহালকরণ প্রসংগে।	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর এ বিষয়ে আইনগত পদক্ষেপ গ্রহণ করে মর্মে বিষয়টি নিষ্পত্তি করবে মর্মে কমিটি সুপারিশ করে।
৪.	সিলেট জেলার বিশ্বনাথ উপজেলার রাগীব-রাবেয়া ডিগ্রি কলেজের অধ্যক্ষ মো: আব্দুল ওয়াহিদ এর এম.পি.ও ভুক্তি প্রসংগে।	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধি জানান যে, রিট পিটিশন নং-৮৮৩৩/২০১০ এর রায়ের বিরুদ্ধে আপীল দায়ের করা হয়নি। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর কর্তৃক আপীল দায়ের করবে মর্মে কমিটি সুপারিশ করে।

৫.	রংপুর জেলার বদরগঞ্জ উপজেলাধীন বদরগঞ্জ মডেল বহুমুখী উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মো: ময়নুল হক সরকার (ইনডেক্স নং-৫৪৫১১৭) এর স্থগিত বেতন ভাতা সংক্রান্ত।	প্রধান শিক্ষক জনাব মো: ময়নুল হক সরকার এর পুন: তদন্তের আবেদনের প্রেক্ষিতে পরিচালক রংপুর অঞ্চল বিষয়টি তদন্ত করে সুস্পষ্ট মতামতসহ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরে প্রতিবেদন প্রেরণ করবে।
৬.	নেত্রকোণা জেলার বারহাট্টা উপজেলাধীন সাহতা উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক শেখ মজিবুর আহমেদ (ইনডেক্স নং-৪৭৫১৫৭) এর বকেয়া বেতন-ভাতাদি প্রদান প্রসংগে।	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বিস্তারিত তথ্যাদি ও সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপন করবে।
৭.	গাজীপুর জেলার কাপাসিয়া উপজেলার ভাওয়াল চাদপুর উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক জনাব মো: মোস্তফা কামাল এ অবৈধ এম.পি.ও বাতিল।	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর পর্যাণ্ড তথ্য উপাত্তসহ প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপন করবে।
৮.	গাইবান্ধা জেলার সাদুল্যাপুর উপজেলাধীন শাহ আজগর আলী ডিগ্রী কলেজ এর ইংরেজি বিষয়ের প্রভাষক জনাব মো: রওশন আলম মন্ডল এর এম.পি.ও ভুক্তি।	মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের প্রতিনিধি জানান যে, বর্তমানে আবেদনটি উপ পরিচালক মাধ্যমিক ও উচ্চ শিক্ষা রংপুর অঞ্চল এ প্রক্রিয়াধীন রয়েছে।
৯.	কক্সবাজার জেলার চকরিয়া উপজেলাধীন কিশলয় আদর্শ শিক্ষা নিকেতনের সহকারী শিক্ষক (ইংরেজি) জনাব ওবাইদুল হক কে এম.পি.ও ভুক্ত করণ প্রসংগে।	পূর্ববর্তী সভার আদেশ অনুযায়ী মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বিষয়টি তদন্তপূর্বক সুস্পষ্ট মতামতসহ প্রতিবেদন পরবর্তী সভায় উপস্থাপন করবে।
১০.	ভোলা জেলার তজুমদ্দিন উপজেলাধীন নিশ্চিতপুর সিকদার বাজার এসইএডিপি মডেল উচ্চ বিদ্যালয়ের জনাব ফারজানা, সহকারী প্রধান শিক্ষক এম.পি.ও ভুক্তির বিষয়ে মতামত/নির্দেশনা প্রদান প্রসংগে।	বেসরকারি মাধ্যমিক-১ শাখা হতে এ বিষয়ে পত্র জারী করবে। জারীকৃত পত্রের আলোকে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বিষয়টি নিষ্পত্তি করবে।



৪-৪-২০১৮

বেগম নুসরাত জাবীন বানু  
যুগ্মসচিব

মহাপরিচালক

মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর

স্মারক নম্বর:

৩৭.০০.০০০০.০৭৪.৩৪.০০১.১৮.২৬/১(৫)

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলঃ

- ১) মন্ত্রীর একান্ত সচিব, মন্ত্রীর দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সচিব এর একান্ত সচিব (প্রতিকল্প), সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) ব্যক্তিগত কর্মকর্তা, মাধ্যমিক-২ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) ব্যক্তিগত কর্মকর্তা, বেসরকারি মাধ্যমিক অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ

তারিখ: ২১ চৈত্র ১৪২৪  
০৪ এপ্রিল ২০১৮



৪-৪-২০১৮

বেগম নুসরাত জাবীন বানু  
যুগ্মসচিব